



আমাদের মার্কিন সামরিক নির্ভরতা কমাতে হবে: নেতানিয়াহু



ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু। ছবি: সংগৃহীত

ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, ভবিষ্যতের নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবিলায় দেশকে যুক্তরাষ্ট্রের সামরিক সহায়তার ওপর নির্ভরতা কমিয়ে নিজস্ব অস্ত্র উৎপাদন সক্ষমতা গড়ে তুলতে হবে।

মঙ্গলবার (২৩ জুন) পশ্চিম তীরের গুশ এথজিয়নে রিজার্ভ বাহিনীর কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে তিনি এ মন্তব্য করেন। এ তথ্য জানিয়েছে টাইমস অব ইসরায়েল।

নেতানিয়াহু বলেন, যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে ইসরাইলকে গুরুত্বপূর্ণ সহায়তা দিয়ে আসছে এবং সে জন্য তিনি কৃতজ্ঞ। তবে বর্তমান বাস্তবতায় দেশটির নিজস্ব প্রতিরক্ষা শিল্পকে আরও শক্তিশালী করা প্রয়োজন। তিনি বলেন, অস্ত্র উৎপাদনে আত্মনির্ভরতা অর্জন এখন সময়ের দাবি।

ইসরাইলি প্রধানমন্ত্রী আরও বলেন, ইরান ও তাদের মিত্র গোষ্ঠীগুলোর বিরুদ্ধে চলমান সংঘাতে ইসরাইল গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করেছে। তবে এই লড়াই এখনও শেষ হয়নি এবং ভবিষ্যতের অবস্থান নির্ধারণ করবে দেশের সামরিক ও প্রযুক্তিগত সক্ষমতা।

তিনি বলেন, আগামী কয়েক দশকে ইসরাইলের নিরাপত্তা ও কৌশলগত অবস্থান নির্ভর করবে নিজেদের শক্তি বৃদ্ধির ওপর। সে লক্ষ্যেই দেশটি প্রতিরক্ষা সক্ষমতা আরও সম্প্রসারণে কাজ করছে।

এর আগেও কয়েক দফা নেতানিয়াহু ইসরাইলের জন্য অধিকতর স্বাধীন সামরিক উৎপাদন ব্যবস্থার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছিলেন। তার সাম্প্রতিক এই বক্তব্য এমন সময়ে এলো, যখন ইরান ইস্যুতে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক তৎপরতা এবং ইসরাইলের সামরিক কর্মকাণ্ড ঘিরে জেরুজালেমে নতুন করে আলোচনা চলছে।